



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

২৯ মে ২০২২

মাসিকস্বাস্থ্য সম্পর্কে অজ্ঞতার কারণে নারীর স্বাস্থ্য ঝুঁকি বাড়াচ্ছে

প্রো-উপাচার্য অধ্যাপক ড. মাহবুবা নাসরীন

মাসিকস্বাস্থ্য সম্পর্কে অজ্ঞতার কারণে নারীর স্বাস্থ্য ঝুঁকি বাড়াচ্ছে। নারীর জীবনে গুরুত্বপূর্ণ একটি দিক মাসিক স্বাস্থ্য ব্যবস্থাপনা (মেনস্ট্রুয়াল হাইজিন)। সমাজ ও নারীরা লজ্জাবোধ করে এ বিষয়ে কথা বলতে চান না, বিষয়টিকে ব্যক্তিগত বলে মনে করেন। বাউবি প্রো-উপাচার্য অধ্যাপক ড. মাহবুবা নাসরীন বিশ্ব মাসিক স্বাস্থ্য দিবস উপলক্ষ্যে ২৯ মে ২০২২ রবিবার ঢাকার হোটেল লেক শোরে মাসিকস্বাস্থ্য ব্যবস্থাপনা প্ল্যাটফর্ম কর্তৃক আয়োজিত এক কর্মশালায় অতিথি হিসেবে উপস্থিত থেকে এসব কথা বলেন। তিনি দক্ষিণ এশিয় দৃষ্টিকোণ থেকে মাসিকস্বাস্থ্য বিধি নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ উপকরণের প্রাপ্যতা এবং সামর্থ্য সম্পর্কে টেকসই পদ্ধতির কথা উল্লেখ করেন।



বিশ্ব মাসিকস্বাস্থ্য দিবসে বক্তব্য রাখছেন বাউবি প্রো-উপাচার্য অধ্যাপক ড. মাহবুবা নাসরীন

সারা বিশ্বে ২০১৪ সাল থেকে ২৮ মে দিবসটি পালিত হয়ে আসছে। দিবসটির এ বছরের প্রতিপাদ্য- ২০৩০ সালের মধ্যে পিরিয়ডকে জীবনের একটি স্বাভাবিক ব্যাপার হিসেবে প্রতিষ্ঠিত করা।

কর্মশালায় শুভেচ্ছা বক্তব্য রাখেন এমএইচএম প্ল্যাটফর্ম এর চেয়ারপার্সন এবং ওয়াটারএইড বাংলাদেশের কান্ট্রি ডিরেকটর এম এস হাসিনা জাহান, মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনিসেফের ওয়াশ স্পেশালিস্ট শফিকুল আলম।

সম্মানিত অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন নেদারল্যান্ড অ্যাসেসিসর সিনিয়র পলিসি এডভাইজার মুশফিকা জামান সাতিয়ার এবং স্থানীয় সরকার বিভাগের পলিসি সাপোর্ট শাখার যুগ্ম সচিব নুমেদী জামান।

বেউদ্দিন

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)